# ডিজিএফআইয়ের নতুন মহাপরিচালক কায়সার রশিদ চৌধুরী



ডিজিএফআই মহাপরিচালক কায়সার রশিদ চৌধুরী। ছবি: সংগৃহীত

প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদফতর (ডিজিএফআই)-এর নেতৃত্বে পরিবর্তন এসেছে। সংস্থাটির নতুন মহাপরিচালক হিসেবে দায়িত্ব পেয়েছেন মেজর জেনারেল কায়সার রশিদ চৌধুরী।

সোমবার (২৩ ফেব্রুয়ারি) সেনানিবাসে সশস্ত্র বাহিনী বিভাগের আয়োজনে আনুষ্ঠানিকভাবে তাকে মেজর জেনারেল পদমর্যাদার র‍্যাংক ব্যাজ পরিয়ে দেন প্রধানমন্ত্রী তারেক রহমান।

বাংলাদেশের গুরুত্বপূর্ণ সামরিক গোয়েন্দা সংস্থাগুলোর মধ্যে ডিজিএফআই অন্যতম। পদোন্নতির মাধ্যমে সংস্থাটির শীর্ষ দায়িত্ব গ্রহণ করলেন কায়সার রশিদ চৌধুরী।

র‍্যাংক ব্যাজ পরানোর অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন সেনাবাহিনী প্রধান জেনারেল ওয়াকার-উজ-জামান, নৌবাহিনী প্রধান এডমিরাল এম নাজমুল হাসান এবং বিমান বাহিনী প্রধান এয়ার চিফ মার্শাল হাসান মাহমুদ খান।

LENS ASIA